

HIGHER SECONDARY EXAMINATION, 2009
GEOGRAPHY
(Bengali Version)

Time: 3 Hours 15 Minutes

Full Marks:100

বিভাগ 'ক'

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও(বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): ১ x ১০=১০

নীচে দেওয়া বিবৃতিগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাও:

ক) মিথেন / মরফিন / মেনথল একটি গ্রিনহাউস গ্যাস।

অথবা

জলদূষণ / বায়ুদূষণ/ মৃত্তিকাদূষণ- এর ফলে 'ইউট্রিফিকেশন' হয়।

খ) ধান প্রগাঢ় কৃষি / ব্যাপক কৃষি / বাগিচা কৃষির অন্যতম ফসল।

অথবা

কানাডা চা শিল্প / রেলপথ/ জলপথ ব্যবস্থার উন্নতির জন্য 'সোনালি চতুর্ভুজ' প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

গ) ভারতে সড়কপথ / রেলপথ / জলপথ ব্যবস্থার উন্নতির জন্য 'সোনালি চতুর্ভুজ' প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

সঠিক শব্দের দ্বারা শূন্যস্থান পূরণ করো:

ঘ) আমেরিকা যুক্তরাষ্ট্রের পিটসবার্গ শিল্পের জন্য প্রসিদ্ধ।

ঙ) ২০০১ সালের জনগণনা অনুসারে ভারতে স্ত্রী- পুরুষের অনুপাত ছিল।

অথবা

২০০১ সালের জনগণনা অনুসারে ভারতে জনসংখ্যার ঘনত্ব ছিল

..... জন প্রতি বর্গ কিলোমিটারে।

চ) ভারতের জনগণনা অনুসারে পৌর বসতি এলাকার জনসংখ্যা

জনের বেশি হওয়া দরকার।

'হ্যাঁ' অথবা 'না' লেখো:

ছ) আর্নেস্ট হেকেল সর্বপ্রথম 'ইকোলজি' শব্দটি ব্যবহার করেন।

জ) শিক্ষা মানব সম্পদ উন্নয়নের অন্যতম প্রধান শর্ত।

এক কথায় উত্তর দাও:

ঝ) পৃথিবীর মরু ও মরুপ্রায় অঞ্চলে স্বল্প বৃষ্টিপাতের জন্য কী ধরণের উদ্ভিদ জন্মায়?

ঞ) গ্রামীণ জনবসতি কোন্ স্তরের অর্থনৈতিক কাজকর্মের সঙ্গে মূলত সংশ্লিষ্ট?

অথবা
গ্রামীণ ও পৌর বসতির মধ্যে কোনটি প্রাচীন?

বিভাগ- 'খ'

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও(বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): $2 \times 9 = 18$

উল্লেখযোগ্য বৈশিষ্ট্য লেখো:

ক) উৎপাদক বা স্বভোজী।

অথবা

ইলুভিয়েশন।

খ) জলজ উদ্ভিদ।

ভৌগোলিক কারণ ব্যাখ্যা করো:

গ) কোনো দেশের অবস্থান তার আন্তর্জাতিক বাণিজ্যকে কীভাবে প্রভাবিত করে?

ঘ) জলবায়ু কীভাবে জনসংখ্যার বন্টনকে প্রভাবিত করে?

অথবা

বিংশ শতাব্দীতে পৃথিবীর জনসংখ্যা দ্রুত বৃদ্ধি পেয়েছে কেন?

অতি সংক্ষিপ্ত উত্তর দাও:

ঙ) খরিফ চাষ বলতে কী বোঝায়?

অথবা

ব্যাপক কৃষি বলতে কী বোঝায়?

চ) বাণিজ্য বলতে কী বোঝায়?

ছ) পৌর বসতি কাকে বলে?

অথবা

বিক্ষিপ্ত বসতি কাকে বলে?

বিভাগ- 'গ'

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও(বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): $8 \times 11 = 88$

ক) পডজল মৃত্তিকার বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

অথবা

সাধারণ উদ্ভিদ(মেসোফাইট)- এর প্রধান বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

খ) অরণ্য ধ্বংসের কারণগুলি ব্যাখ্যা করো।

অথবা

পরিবেশের যে কোনো দুটি অজীব উপাদান সম্পর্কে টীকা লেখো।

গ) বায়ুদূষণের যে কোনো দুটি প্রধান অপ্রাকৃতিক কারন সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

ঘ) স্থানীয় পরিবেশের উপর স্থানান্তরী কৃষিকাজের প্রভাব আলোচনা করো।

অথবা

বাণিজ্যিক কৃষির সমস্যাগুলি আলোচনা করো।

ঙ) মিশ্র কৃষির প্রধান বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

অথবা

দক্ষিণ এশিয়ার দেশগুলিতে নিবিড় ধান চাষের কারণ কী?

চ) কাগজ শিল্পের উন্নতির অনুকূল ভৌগোলিক কারণগুলি আলোচনা করো।

অথবা

পেট্রোসায়ন শিল্পের উন্নতির অনুকূল ভৌগোলিক কারণগুলি আলোচনা করো।

ছ) ভারতে অধিকাংশ লৌহ ও ইস্পাত কারখানা পূর্ব ভারতে অবস্থিত কেন?

অথবা

ভারতে কাগজ শিল্পের সমস্যা ও সম্ভাবনা সংক্ষেপে আলোচনা করো।

জ) ভারতে পেট্রোসায়ন শিল্পের সমস্যা ও সম্ভাবনা কী?

ঝ) পৃথিবীতে উচ্চ জনঘনত্বযুক্ত অঞ্চলগুলির বন্টন আলোচনা করো।

অথবা

ভারতে উচ্চ জনঘনত্বযুক্ত অঞ্চলগুলির বন্টন আলোচনা করো।

ঞ) পৃথিবীতে জনসংখ্যার বন্টন নির্ধারণকারী অপ্রাকৃতিক কারণগুলি সম্পর্কে সংক্ষেপে লেখো।

অথবা

ভারতে জনসংখ্যার বন্টন নির্ধারণকারী প্রাকৃতিক কারণগুলি সংক্ষেপে আলোচনা করো।

ট) রৈখিক জনবসতির বৈশিষ্ট্য আলোচনা করো।

অথবা

ভারতীয় জনগণনা অনুসারে পৌরবসতির শ্রেণিবিভাগ করো।

বিভাগ- 'ঘ'

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): $৬ \times ২ = ১২$

ক) বাস্তুতন্ত্রে শক্তির প্রবাহ ব্যাখ্যা করো।

অথবা

স্বাভাবিক উদ্ভিদের ওপর বৃষ্টিপাত ও তাপমাত্রার প্রভাব ব্যাখ্যা করো।

খ) ভারতে চা শিল্পের বন্টন বর্ণনা করো।

অথবা

আমেরিকা যুক্তরাষ্ট্রে লৌহ ও ইস্পাত শিল্পের বন্টন বর্ণনা করো।